



ভেনেজুয়েলাকে যুক্তরাষ্ট্রের ৫১তম রাজ্য ঘোষণা ট্রাম্পের



সংগৃহীত ছবি

যুক্তরাষ্ট্রের সম্ভাব্য ৫১তম রাজ্য হিসেবে ভেনেজুয়েলার নাম সামনে এনেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। এর আগে কানাডাকে যুক্তরাষ্ট্রের অংশ করার ইঙ্গিত দিলেও এবার ল্যাটিন আমেরিকার দেশ ভেনেজুয়েলাকে ঘিরে নতুন মন্তব্য করে আলোচনার জন্ম দিয়েছেন তিনি।

ফক্স নিউজকে দেওয়া এক সাক্ষাৎকারে ট্রাম্প বলেন, ভেনেজুয়েলাকে যুক্তরাষ্ট্রের নতুন অঙ্গরাজ্য হিসেবে অন্তর্ভুক্ত করার বিষয়টি তিনি বিবেচনা করছেন।

এরপর মঙ্গলবার নিজের সামাজিক যোগাযোগমাধ্যম টুথ সোশ্যালের দেশটিকে ‘৫১তম রাজ্য’ হিসেবে উল্লেখ করেন তিনি। সেখানে দাবি করা হয়, ভেনেজুয়েলার বিপুল তেলসম্পদ—প্রায় ৪০ ট্রিলিয়ন ডলারের—এখন যুক্তরাষ্ট্রের নিয়ন্ত্রণে।

এই পোস্টের আগে চীনে প্রেসিডেন্ট শি জিনপিংয়ের সঙ্গে বৈঠকের উদ্দেশ্যে সফরে থাকলেও ভেনেজুয়েলা নিয়ে দেওয়া ট্রাম্পের মন্তব্য আন্তর্জাতিক অঙ্গনে নতুন বিতর্ক তৈরি করেছে। ট্রাম্পের বক্তব্যের পর ভেনেজুয়েলার অন্তর্বর্তী প্রেসিডেন্ট ডেলসি রদ্রিগেজ স্পষ্টভাবে জানিয়ে দেন, যুক্তরাষ্ট্রের কোনো অঙ্গরাজ্য হওয়ার বিষয়টি তাদের কাছে গ্রহণযোগ্য নয় এবং এমন কোনো পরিকল্পনাও নেই।

এরপর টুথ সোশ্যালের একটি মানচিত্র প্রকাশ করেন ট্রাম্প, যেখানে ভেনেজুয়েলার ওপর যুক্তরাষ্ট্রের পতাকা বসানো দেখা যায় এবং ক্যাপশনে লেখা ছিল ‘৫১তম রাজ্য’। পরে সেই পোস্ট হোয়াইট হাউসের এক্স অ্যাকাউন্ট থেকেও শেয়ার করা হয়।

এছাড়া আরেকটি ইঙ্গিতপূর্ণ পোস্টে ট্রাম্প লেখেন, ‘আমি তোমাকে চাই’। তার এসব মন্তব্য ও পোস্ট নিয়ে আন্তর্জাতিক মহলে ব্যাপক আলোচনা চলছে।